# দেবহাটা উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-১২/২০২৩)

www.debhata.satkhira.gov.bd

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আলহাজ্ব মোঃ মুজিবর রহমান<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা |
| তারিখ | : | ২৮ ডিসেম্বর' ২০২৩, বৃহস্পতিবার |
| সময় | : | বেলা ১১:০০ ঘটিকা |
| স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দেবহাটা, সাতক্ষীরা। |

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানান এবং দিনের কর্মসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার দিনের কর্মসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ বিষয় ভিত্তিক আলোচনা এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত নভেম্বর/২০২৩ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদনের জন্য প্রস্তাব রাখা হয়। | নভেম্বর/২০২৩ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে গৃহীত ও অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা । |
| ০২ | স্থায়ী কমিটি সমূহের সভা | স্থায়ী কমিটিসমূহের সভা নিয়মিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হয়। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ বিধিমোতাবেক নিয়মিতভাবে সভা আহ্বান করবেন এবং নির্দিষ্ট সময়ের মধ্যে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সদস্য সচিবগণ এবং সংশ্লিষ্ট সকল। |
| ০৩ | উপজেলা প্রকৌশল দপ্তর : | | | |
| | এডিপি ও রাজস্ব উদ্বৃত্ত ২০২৩-২৪ | উপজেলা প্রকৌশলী সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানান যে, ২০২৩-২৪ বছরে এডিপি ও রাজস্ব উদ্বৃত্তের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের জন্য দরপত্র আহ্বান প্রক্রিয়াধীন। | বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২৪ অর্থবৎসরে এডিপি ও রাজস্ব উদ্বৃত্তের আওতায় গৃহীত প্রকল্প দ্রুত বাস্তবায়নর জন্য দরপত্র আহ্বান ও পরবর্তী কার্যক্রম সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী, দেবহাটা, সাতক্ষীরা। |
| | আই.পি.এস, সি.সি টিভ ও ইন্টারকমসহ অন্যান্য মালামাল ক্রয়ের ব্যয় অনুমোদন | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, আগামী ০৭/০১/২০২৪ খ্রিঃ তারিখ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৪ অনুষ্ঠিত হবে। নির্বাচনকালীন সময় নিরবিচ্ছিন্ন আলো ও বিভিন্ন দপ্তরে জরুরী যোগাযোগ স্থাপন এবং সিসিটিভি স্থাপন অত্যাবশ্যক। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার একমত পোষণ করেন বলেন, নির্বাচনকালীন সময়ে উল্লেখিত অফিস সরঞ্জাম খুবই জরুরী বিধায় নির্বাচনের পূর্বেই উহা ক্রয় করা প্রয়োজন এবং উপজেলা প্রকৌশলী কর্তৃক সভায় উপস্থাপকৃত ৩,১৫,০০০/- টাকার প্রাক্কলনটি অনুমোদন ও ক্রয় পদ্ধতি নির্ধারণের জন্য প্রস্তাব রাখেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে জরুরী ভিত্তিতে RFQ পদ্ধতিতে উক্ত মালামাল ক্রয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |
| ০৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে,<br>০১। ২০২৩-২০২৪ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা-খাদ্যশস্য/নগদঅর্থ) কর্মসূচীর আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায়ে দেবহাটা উপজেলায় ০৭টি প্রকল্পের অনুকূলে =৩৩,৭৫,০০০/- টাকা, ০৫টি প্রকল্পের অনুকূলে ১৫.৭৫০ মেঃটন চাউল এবং ০১টি | বিধিমোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | প্রকল্পের অনুকূলে ১৫.৭৫০ মেঃ টন গম বরাদ্দ পাওয়া যায়। সর্বমোট ১৩টি প্রকল্পের অনুকূলে ৯০% অর্থ ও খাদ্য শস্য ছাড় করা হয়েছে। কাজের অগ্রগতি ৯০%।<br><br>০২। ২০২৩-২০২৪ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষনাবেক্ষণ (টিআর-নগদ অর্থ) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায়ে দেবহাটা উপজেলায় ৪১টি প্রকল্পের অনুকূলে ২৮,৭০,৮৩৩/- টাকা বরাদ্দ পাওয়া যায়। ৪১টি প্রকল্পের অনুকূলে ৯০% অর্থ ছাড় করা হয়েছে। কাজের অগ্রগতি ৯০%।<br><br>০৩। ২০২৩-২৪ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা-খাদ্যশস্য/নগদঅর্থ) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ওয়ারী সাধারণ খাতে ১ম পর্যায়ে ২৪টি প্রকল্পের অনুকূলে ৫১,১৪,০২৮/২০ টাকা খাদ্য শস্য খাতে ০৬টি প্রকল্পের অনুকূলে ২৪.৬৭২৮ মেঃটন চাউল ও ০৬টি প্রকল্পের অনুকূলে ২৪.৬৭২৮ মেঃটন গম বরাদ্দ পাওয়া যায়। সর্বমোট ৩৬টি প্রকল্পের অনুকূলে ৮৫% অর্থ ও খাদ্যশস্য ছাড় করা হয়েছে। কাজের অগ্রগতি ৮৫%।<br>০৪। ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ওয়ারী সাধারণ খাতে ১ম পর্যায়ে ৪৬টি প্রকল্পের অনুকূলে ৪০,৪৬,৩০৯/৭৬ টাকা বরাদ্দ পাওয়া যায়। ৪৬টি প্রকল্পের অনুকূলে ৮৫% অর্থ ছাড় করা হয়েছে। কাজের অগ্রগতি ৮৫%<br><br>৫। ২০২৩-২৪ অর্থবছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা-খাদ্যশস্য) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক ২য় পর্যায়ে দেবহাটা উপজেলায় ০৪টি প্রকল্পের অনুকূলে ১২.০০০ মেঃটন চাউল এবং ০৩টি প্রকল্পের অনুকূলে ১২.০০ মেঃটন গম বরাদ্দের অনুমোদন জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয় হতে পাওয়া গেছে। সর্বমোট ০৭টি প্রকল্পের অনুকূলে ৫০% খাদ্যশস্য ছাড় করা হয়েছে। কাজের অগ্রগতি ৩০%।<br><br>৬। ২০২৩-২৪ অর্থবছরে গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষন (টিআর-নগদ অর্থ) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক ২য় পর্যায়ে দেবহাটা উপজেলায় ২০টি প্রকল্পের অনুকূলে ১০,৪৫,৭৫০/- টাকার বরাদ্দ অনুমোদন জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয় হতে পাওয়া গেছে। সর্বমোট ২০টি প্রকল্পের অনুকূলে অর্থ ছাড়করণ প্রক্রিয়াধীন।<br><br>৭। ২০২৩-২৪ অর্থবছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা-খাদ্যশস্য) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ওয়ারী সাধারণ খাতে ২য় পর্যায়ে ২৪.৬৭২৮ মেঃটন চাউল ও ২৪.৬৭২৮ মেঃটন গম উপ-বরাদ্দ পাওয়া যায়। প্রকল্পের নামের তালিকা জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>৮। ২০২৩-২৪ অর্থবছরে গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষন (টিআর) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ওয়ারী সাধারণ খাতে ২য় পর্যায়ে ৪০,৪৬,৩০৯/৭৬ টাকা উপ-বরাদ্দ পাওয়া যায়। প্রকল্পের | | | |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>নামের তালিকা জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>৯। ২০২১-২২ অর্থ বছরে (২য় পর্যায়ে) বাস্তবায়িতব্য অস্বচ্ছল বীরমুক্তিযোদ্ধাদের আবাসন নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় দেবহাটা উপজেলায় ২৮ জন অস্বচ্ছল বীরমুক্তিযোদ্ধাদের বীরনিবাস বাস্তবায়ন কার্যক্রম চলমান আছে। কাজের অগ্রগতি ৫০%।<br><br>১০। ২০২-২৪ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কমূসূচির আওতায় দেবহাটা উপজেলায় হেরিং বোন বন্ড (এইচবিবি) ০১টি প্রকল্পের বরাদ্দ পাওয়া যায়। প্রকল্প পরিচালক মহোদয়ের কার্যালয় হতে ঠিকাদার অনুমোদনের পত্র পাওয়া গেছে। নির্বাচিত ঠিকাদারের অনুকূলে কার্যাদেশ প্রদান করা হয়েছে। কাজের অগ্রগতি ২৫%।<br>এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>০৫</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>বিধি মোতাবেক হাসপাতালের সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা।</td>
</tr>
<tr>
<td>০৬</td>
<td>উপজেলা কৃষি দপ্তর</td>
<td>উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, চলতি বোরো মৌসুমে নিবিড় বোরো আবাদের লক্ষ্যে ৬১২৫ হেক্টর জমিতে বোরো আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ইতিমধ্যে ২২০ হেক্টর জমিতে আদর্শ বীজতলা সম্পন্ন হয়েছে। কৃষকদের ধান রোপনে লাইন, লোগো পাচিং করে ফসলের পোকামাকড় রোধ করে অধিক ফসল উৎপাদনে করতে মাঠ পর্যায়ে পরামর্শ প্রদান এবং সুষম মাত্রায় সার ব্যবস্থাপনা কার্যক্রম চলমান আছে। ২০২৩-২৪ অর্থ বছরে রবি মৌসুমে প্রণোদনা কর্মসূচির আওতায় বিতরণকৃত বিভিন্ন ফসলের তথ্য :
<table>
<tr><th>ক্র:</th><th>বিতরণকৃত ফসলের নাম</th><th>লক্ষ্যমাত্রা</th><th>বিতরণ সম্পন্নের তারিখ</th></tr>
<tr><td>১</td><td>সরিষা</td><td>২২০০ জন</td><td>১৮/১০/২০২৩</td></tr>
<tr><td>২</td><td>খেসারী</td><td>১০ জন</td><td>০১/১১/২০২৩</td></tr>
<tr><td>৩</td><td>ভুট্টা</td><td>৪০ জন</td><td>০১/১১/২০২৩</td></tr>
<tr><td>৪</td><td>গম</td><td>১০০ জন</td><td>০৭/১১/২০২৩</td></tr>
<tr><td>৫</td><td>সূর্যমুখী</td><td>৮০ জন</td><td>২০/১১/২০২৩</td></tr>
<tr><td>৬</td><td>বোরো হাইব্রিড ধান</td><td>১৭০০ জন</td><td>২৮/১১/২০২৩</td></tr>
<tr><td>৭</td><td>বোরো উফসী ধান</td><td>২০০০ জন</td><td>১০/১২/২০২৩</td></tr>
<tr><td colspan="2">মোট</td><td>৬১৩০ জন</td><td></td></tr>
</table>
চলতি রবি মৌসুমে ১০৭৫ হেক্টর জমিতে সরিষা আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ইতিমধ্যে ১১০০ হেক্টর জমিতে সরিষা বীজ বপন সম্পন্ন হয়েছে এবং চলতি রবি মৌসুমে ৪২০ হেক্টর জমিতে সবজী আবাদ সম্পন্ন হয়েছে। আমের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে গাছে স্প্রে করা হয়েছে। বিভিন্ন প্রযুক্তি কৃষক পর্যায়ে গ্রহণীয় করার জন্য মাঠ পর্যায়ে উদ্বুদ্ধকরণ কার্যক্রম চলমান রয়েছে।<br>উপজেলা সারের মজুদ সন্তোষজনক। ইউরিয়া ১০০ মে.টন, টিএসপি ৫২ মে.টন, ডিএপি ১০২ মে.টন, এমওপি ৪১ মে.টন, এনপিকে ০৫ মে.টন, জিপসাম ১০</td>
<td>বিধিমোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা কৃষি কর্মকর্তা, দেবহাটা।</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | মে.টন, দস্তা ০৫ মে.টন মজুদ রয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৭ | উপজেলা মৎস্য দপ্তর | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, দেবহাটা উপজেলার কুলিয়া মাছ বাজারে ও গাজীরহাট মাছ বাজারে ফরমালিনের উপস্থিতি সনাক্তকরণের জন্য ফরমালিন পরীক্ষা করা হয়। পরীক্ষায় ফরমালিনের উপস্থিতি পাওয়া যায়নি।<br>বিগত মাসে মাটি ও পানি পরীক্ষা করে (মাটির $P^H$ এবং পানির $P^H$, অক্সিজেন, লবণাক্ততা, $NH_3$, তাপমাত্রা ও হার্ডনেস) ২৫ জন মৎস্য চাষীকে মৎস্য চাষ বিষয়ে পরামর্শ প্রদান করা হয়েছে। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধিমোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দেবহাটা। |
| ০৮ | উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধিমোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দেবহাটা, সাতক্ষীরা। |
| ০৯ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিগত মাসে ২২০০টি প্রাণি, ৯৩৫৬ টি হাঁস মুরগী এবং ০২টি পোষা প্রাণির চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। ২৫২৮টি প্রাণি ও ৬৫১০০টি হাঁস মুরগীকে টিকা প্রদান এবং ৪৩০টি গাভীকে কৃত্রিম প্রজনন এর মাধ্যমে জাত উন্নয়ন করা হয়েছে। এছাড়া ৪টি উঠান বৈঠক, ১০টি খামার পরিদর্শন করা হয়েছে। ৩৫ জন খামারিকে প্রশিক্ষন প্রদান করা হয়েছে। তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয় | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দেবহাটা। |
| ১০ | উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তার দপ্তরের মাধ্যমে সকল ভাতাভোগীদের সনাক্তকরণ কার্যক্রম চলমান আছে। যে সেকল ভাতাভোগী সনাক্তকরণ কার্যক্রম হাজির হয়নাই তাদের ভাতা বন্ধ থাকবে। এছাড়া যে সকল ভাতাভোগী মৃত্যুবরণে করেছেন তাদের তালিকা জরুরীভিত্তিতে তার দপ্তরের প্রেরনের জন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দের নিকট অনুরোধ জানান। এছাড়া সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে সকল ভাতাভোগীদের সনাক্তকরণ কার্যক্রমে হাজির হওয়ার জন্য এবং মৃত্যু ভাতাভোগীর তালিকা প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দ জরুরী ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিধিমোতাবেক সকল সম্পন্ন করার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার এবং ইউপি চেয়ারম্যান (সকল) দেবহাটা,সাতক্ষীরা। |
| ১১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহনকারী কর্মকর্তাদের বিভাগীয় তথ্য সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট ইতোমধ্যে জমা দেয়া হয়েছে। সরকার কর্তৃক প্রদত্ত ২০২৪ সালের বিনামূল্যের পাঠ্যপুস্তক গ্রহণ ও সংরক্ষণ করা হয়েছে। উপবৃত্তি কার্যক্রমের সুবিধাভোগীদের হিসাব সংশোধণ করে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে। নুতুন কারিকুলাম বাস্তবায়নের নিমিত্তে প্রশিক্ষণের প্রস্তুতি চলছে। এছাড়া তার দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের ২য় তলায় ৩টি রুম উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের নিকট অস্থায়ীভাবে বরাদ্দ প্রদানের সর্বসম্মতি সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিধি মোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয় | উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দেবহাটা, সাতক্ষীরা |
| ১২ | উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, দেবহাটা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান যে, ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২০২৩-২৪ চক্রের ডিসেম্বর-২৩ মাসের খাদ্যশস্য বিতরণ ও মনিটরিং সম্পন্ন হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৩-২৪ অর্থবছরের ০৫টি ইউনিয়নের ডিসেম্বর/২৩ মাসে ৩০ জন উপকারভোগীর তালিকা উপজেলা কমিটি ও অনলাইনে চুড়ান্ত অনুমোদন করা হয়েছে।<br>কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের ০৫টি ক্লাবের ক্লাস যথারীতি চলছে। ক্ষুদ্র ঋণ আদায় যথাযথভাবে চলছে। আদায়ের হার ১০০%। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয় | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দেবহাটা। |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দাপ্তররিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধিমোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, দেবহাটা, সাতক্ষীরা। |
| ১৫ | উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, ইউনিয়ন পর্যায়ে প্রাকৃতিক দূর্যোগ রোধ, নারী ও শিশু পাচার এবং নির্যাতন প্রতিরোধ, বাল্যবিবাহ রোধের লক্ষ্যে জনসচেতনতামূলক কাজ এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণে পুলিশকে সহযোগিতা করার কাজ চলমান আছে।<br>দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য ৪৮০ জন আনসার ও ভিডিপি সদস্য/ সদস্যা মোতায়েনের জন্য চূড়ান্ত করে প্রস্তুত রাখা হয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক সকল সম্পন্ন করার জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, দেবহাটা। |
| ১৬ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশল সভায় জানান যে, জনগণের নিকট নিরাপদ পানি ও স্যানিটেশন সুবিধা পৌছানোর লক্ষ্যে জনস্বাস্থ্য অধিদপ্তর নিরলস কাজ করে যাচ্ছে। অত্র অধিদপ্তর পল্লী পানি সরবরাহ ও স্যানিটেশন অবকাঠামো নির্মানোত্তর রক্ষনাবেক্ষণে কারিগরী সহায়তা প্রদান, স্বাস্থ্য পরিচর্যা জোরদারকরণ এবং পারিপার্শ্বিক পরিবেশের উন্নয়নে প্রয়োজনীয় সহায়তা প্রদান করে থাকে।<br>তিনি আরও জানান যে, CRWH প্রকল্পে ২০২২-২০২৩ অর্থ বছরে বরাদ্দকৃত ৩৪৬টি এবং ৩৭৮টি ট্যাংকির (RWH) স্থান নির্বাচনের কাজ হয়েছে। এছাড়া CRWH প্রকল্পে ২০২৩-২০২৪ অর্থ বছরে বরাদ্দকৃত ৪০৬টি এবং ৩৯৯টি ট্যাংকির (RWH) স্থান নির্বাচনের কাজ চলমান আছে। সখিপুর ইউনিয়নে ৩ কিঃমিঃ পাইপ লাইনসহ প্রডাকশন টিউবওয়েলের কাজ চলমান এবং নওয়াপাড়া ইউনিয়নে ৪ কি. মি পাইপ লাইনের স্থান তালিকা চুড়ান্ত হয়েছে। এছাড়া বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৪১টি টিউবওয়েল স্থাপনের কাজ শেষ হয়েছে। নওয়াপাড়া ও সখিপুর ইউনিয়নে ২টি আরও প্লান্ট স্থাপনের কাজ চলমান আছে। অত্র উপজেলায় ৭০০টি টুইন পিট ল্যাট্রিন, ৫টি কমিউনিটি ল্যাট্রিন এবং ৩টি পাবলিক টয়লেটের কাজ চলমান আছে। ৬০টি আর্সেনিক আয়রন মুক্তকরণ প্লান্টের স্থান তালিকা চুড়ান্ত করণের কাজ চলমান। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধিমোতাবেক সকল কার্যক্রম পরিচালনার জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দেবহাটাকে অনুরোধ করা হয় | উপ-সহকারী প্রকৌশলী, দেবহাটা, সাতক্ষীরা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিধি মোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দেবহাটা। |
| ১৮ | উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, দেবহাটা সভায় জানান যে, নার্সারীতে মজুদ চারার পরিচর্যাসহ বিভিন্ন সনে সৃজিত বাগানের গাছ উপকারভোগী সদস্যদের মাধ্যমে রক্ষনাবেক্ষণ কাজ চলমান আছে। এছাড়া তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, দেবহাটা কে অনুরোধ করা হয়। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, দেবহাটা |
| ১৯ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ দপ্তর : | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা সভায় জানান যে, সংগ্রহ কার্যক্রমের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। এ বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা। |
| ২০ | উপজেলা পরিষদের সম্মানী, মজুরী, আপ্যায়ন স্টেশনারী, জীপ গাড়ির জ্বালানী, ও অন্যান্য খরচ (পরিশিষ্ট-ক) | নভেম্বর/২০২৩ মাসে উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানী, কর্মচারীদের দৈনিক মজুরী, আপ্যায়ন, স্টেশনারী, জীপ গাড়ির জ্বালানী এবং অন্যান্য ব্যয় সংশ্লিষ্ট অফিস সহকারী উপস্থাপন করেন (পরিশিষ্ট-ক)। সভায় এ গুলি নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং অভিমত ব্যক্ত করা হয় যে, এগুলি উপজেলা পরিষদের নিয়মিত ব্যয় যা অনুমোদন করা যায়। | উপর্যুক্ত বিষয়ে উপস্থাপিত বিল/ভাউচার (পরিশষ্ট-ক) সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অগ্রিম প্রদানকৃত বিল সমন্বয় করতে হবে এবং বকেয়া বিল পরিশোধ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট সকল। |
| ২১ | **বিবিধ** | **ক) উপজেলা পরিষদ ভবনের নিচতলায় অবস্থিত সোনালী ব্যাংক, দেবহাটা শাখার পানির লাইন মেরামত বিল প্রদান সংক্রান্ত :**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ ভবনের নিচতলায় অবস্থিত সোনালী ব্যাংকের পানির লাইন মেরামত বাবদ বিল পাওয়ার জন্য উপজেলা প্রকৌশলী দপ্তরের হিসাব রক্ষক জনাব নুর ইসলাম একটি আবেদনসহ বিল ভাউচার দাখিল করেছেন। বিল ভাউচার সভায় উপস্থাপন করা হয়। এ বাবদ মোট ব্যয়ের পরিমাণ ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা। বিলটি উপজেলা পরিষদের নির্ধারিত খাত হতে পরিশোধের জন্য অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে বিলটি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ট) অনুচ্ছেদে উল্লেখিত পানির পাম্প রক্ষনাবেক্ষক/ মেরামত বিল প্রদান খাত হতে পরিশোধের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, দেবহাটা, সাতক্ষীরা। |
| | | **খ) উপজেলা পরিষদের জীপ গাড়ি মেরামত বিল প্রদান সংক্রান্ত :**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের জীপ গাড়ির ০১টি টায়ার নষ্ট হয়ে যাওয়ায় ০১টি নতুন টায়ার লাগানো হয়েছে। এ বাবদ মোট ব্যয়ের পরিমাণ ২৪৯৫০/- টাকা। বিলটি পরিশোধের জন্য গাড়ি চালক একটি আবেদনসহ বিল ভাউচার দাখিল করেছেন। আবেদন ও বিল ভাউচার সভায় উপস্থাপন করা হয়। চেয়ারম্যান মহোদয় বিলটি পরিশোধের জন্য অনুরোধ করেন। এ বিষয় সভায় বিস্তারিত আলোচনা হয়। অফিস সহকারী জানান জীপ গাড়ি মেরামত খাতে চলতি অর্থবছরে ২৫,৪০০/- টাকা অবশিষ্ট আছে। উক্ত টাকা হতে ২৪,৯৫০/- টাকার বিলটি পরিশোধে করার জন্য সকলে একমত পোষণ করেন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের জীপ গাড়ি মেরামত খাত হতে ২৪,৯৫০/- টাকার বিলটি পরিশোধের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **গ) উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের জুলাই/২০২৩ হতে ডিসেম্বর/২০২৩ পর্যন্ত ৬ মাসের ভ্রমন ভাতা প্রদান সংক্রান্ত :** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয় জুলাই/২৩ হতে ডিসেম্বর/২৩ পর্যন্ত সময়ের ভ্রমন ভাতা পাওয়ার জন্য ভ্রমন সূচি ও ভ্রমন ভাতা বিল দাখিল করেছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং বিধি মোতাবেক নির্ধারিত খাত হতে ভ্রমন ভাতা পরিশোধের জন্য সকলে একমত পোষণ করেন। | বিস্তারিত আলোচনান্তে জুলাই/২৩ হতে ডিসেম্বর/২৩ পর্যন্ত সময়ে উপজেলা চেয়ারম্যান এর ভ্রমন ভাতা বাবদ ২৯,৩৭৫/- টাকা এবং ভাইস চেয়ারম্যানদ্বয়ের ভ্রমন বাবদ প্রত্যেককে ২২,০০০/- টাকা পরিশোধের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা। |
| | | **ঘ) উপজেলা পরিষদের ২০২৩-২০২৪ অর্থবছরের হোল্ডিং ট্যাক্স পরিশোধ সংক্রান্ত :** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, দেবহাটা সদর ইউনিয়ন পরিষদ হতে উপজেলা পরিষদের ২০২৩-২০২৪ অর্থবছরের হোল্ডিং ট্যাক্স পরিশোধের জন্য একটি খসড়া বিল পাওয়া গেছে। বিলটি সভায় উপস্থাপন করা হয়। অত্র উপজেলা পরিষদের হোল্ডিং নং ১০/১৪। মোট ধার্য ট্যাক্সের পরিমাণ ৩০,০০০/- টাকা। হোল্ডিং ট্যাক্স পরিশোধের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ২০২৩-২০২৪ অর্থবছরের হোল্ডিং ট্যাক্স বাবদ ৩০,০০০/- টাকা উপজেলা পরিষদের নির্ধারিত খাত হতে পরিশোধের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আলহাজ্ব মোঃ মুজিবর রহমান
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।

স্মারক নম্বর-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২৩-

তারিখ: ২৮.১২.২০২৩ খ্রিঃ।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। অধ্যাপক ডাঃআ.ফ.ম রুহুল হক, মাননীয় সংসদ সদস্য, সাতক্ষীরা-৩ ও সভাপতি, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
০২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।
০৬। উপজেলা ..................................................কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা।
০৭। চেয়ারম্যান, ....................................ইউপি (সকল), দেবহাটা, সাতক্ষীরা।
০৮। জনাব ...........................................................................সদস্য, উপজেলাপরিষদ সাধারণ সভা, দেবহাটা, সাতক্ষীরা।

মোঃ আসাদুজ্জামান
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।
মোবা: ০১৭৭১-১১২২৪৫
ই-মেইল: unodebhata@mopa.gov.bd

# ২০ এর পরিশিষ্ট-ক

| ক্রমিক | বিলের বিবরণ | টাকার পরিমাণ | খাত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা চেয়ারম্যান এর নভেম্বর/২০২৩ মাসের সম্মানী ও বাসাভাড়া ভাতা প্রদান | ৪৫,০০০/- টাকা | সম্মানী প্রদান খাত | |
| ০২ | উপজেলা ভাইস চেয়ারম্যান এর নভেম্বর/২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান। | ২৭,০০০/- টাকা | সম্মানী প্রদান খাত | |
| ০৩ | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর নভেম্বর/২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান। | ২৭,০০০/- টাকা | সম্মানী প্রদান খাত | |
| ০৪ | উপজেলা পরিষদের জীপ গাড়ির নভেম্বর/২০২৩ মাসের জ্বালানী বিল প্রদান | ২৩,৫৮৭/- টাকা | জ্বালানী | |
| ০৫ | উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নভেম্বর/২০২৩ মাসের আপ্যায়ন বিল | ৩০,০০০/- টাকা | আপ্যায়ন | |
| ০৬ | উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নভেম্বর/২০২৩ মাসের স্টেশনারী/আনুসাঙ্গিক বিল | ৫,০০০/- টাকা | স্টেশনারী | |
| ০৭ | উপজেলা পরিষদের মালী আহছানুজ্জামান এর নভেম্বর/২০২৩ মাসের মজুরী প্রদান (৩০দিন×৫৫০/-) | ১৬,৫০০/- টাকা | কর্মচারীদের মজুরী প্রদান খাত | |
| ০৮ | উপজেলা পরিষদের পরিচ্ছন্নতা কর্মী হেলেনা খাতুন এর নভেম্বর/২০২৩ মাসের মজুরী প্রদান (৩০দিন×৫৫০/-) | ১৬,৫০০/- টাকা | কর্মচারীদের মজুরী প্রদান খাত | |

মোঃ আসাদুজ্জামান
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।

আলহাজ্ব মোঃ মুজিবর রহমান
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।